



সোহেল আহমেদ
মহাপরিচালক (অতি: দায়িত্ব)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা



স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.০৭.০০৪.১৮-৪৯৬

২২ মাঘ, ১৪২৫
তারিখঃ ০৪ ফেব্রুয়ারি, ২০১৯

প্রিয় অধিকারী,

আপনি জেনে খুশি হবেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি)- এর ০৫টি উদ্যোগ আন্তর্জাতিক WORLD SUMMIT ON THE INFORMATION SOCIETY (WSIS) Prizes 2019 প্রতিযোগিতায় প্রাথমিকভাবে তালিকাভুক্ত হয়েছে। জাতিসংঘের সাধারণ পরিষদের সার্বিক সমীক্ষার প্রতিবেদনে WSIS-কে 'টেকসই উন্নয়ন লক্ষ্য ২০৩০' অর্জনের একটি সফল মূল্যায়নের উদ্যোগ হিসেবে স্বীকৃতি প্রদান করেছে। এটি SDG-এর লক্ষ্য অর্জনে বিশ্বব্যাপী সাফল্যের গল্পগুলি চিহ্নিত এবং প্রদর্শনের জন্য প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে।

০২। বর্তমান সরকারের টেকসই উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার সংকল্পে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এ মন্ত্রণালয়ের একটি অন্যতম প্রতিষ্ঠান। উদ্ভাবনী সংস্কৃতির বাস্তবায়নে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায়, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের পেনশন সেবাকে শিক্ষকের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে উদ্ভাবনী প্রক্রিয়া অবলম্বন করে সেবা সহজিকরণের মাধ্যমে এটিকে ই-সেবায় রূপান্তর করা হয়েছে যা ই-পেনশন সিস্টেম হিসেবে টাঙ্গাইল ও মানিকগঞ্জ জেলার সদর উপজেলায় সাফল্যের সাথে পাইলটিং বাস্তবায়িত হয়েছে। সাফল্যের এই ক্রমধারায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় সচিব ইতোমধ্যে এটিকে নিরীক্ষান্তে দেশব্যাপী বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেছেন। সচিব মহোদয়ের নির্দেশ বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সারাদেশে ই-পেনশন সিস্টেমটিকে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করেছে।

০৩। ই-পেনশন সিস্টেমটিকে বাংলাদেশ ও আন্তর্জাতিক পর্যায়ে পরিচিতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরীর উদ্যোগের সাথে এটিও WSIS Prizes 2019 এ দাখিল করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এ উদ্যোগগুলোকে সফল করা ও আন্তর্জাতিকভাবে স্বীকৃতি অর্জনের জন্য প্রাথমিক শিক্ষা পরিবারকে একযোগে কাজ করার অনুরোধ জানানো যাচ্ছে। আর এর শুরু হবে WSIS Prizes 2019 এ ভোট প্রদানের মাধ্যমে। ভোট প্রদান প্রক্রিয়াটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবপেইজের নোটিশে/খবরে ভিডিও লিংক ও নির্দেশিকা আকারে দেয়া হয়েছে (<https://www.itu.int/net4/wsis/stocktaking/prizes/2019>)। উল্লেখ্য যে, ১০ ফেব্রুয়ারি, ২০১৯ এর মধ্যে ভোট প্রদান কার্যক্রম সমাপ্ত করতে হবে।

০৪। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা পরিবার ও এর সাথে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী, অভিভাবক ও দেশের সকল নাগরিকের নিকট WSIS Prizes 2019-এ ই-পেনশন সিস্টেম ও এ প্রতিযোগিতায় দাখিলকৃত বর্তমান সরকারের সকল প্রকল্পকে ভোট প্রদানের মাধ্যমে টেকসই উন্নয়নের যাত্রায় অগ্রণী ডিজিটাল বাংলাদেশকে সারা বিশ্বের নিকট তুলে ধরার অনুরোধ জানানো যাচ্ছে।

— আন্তর্জাতিকভাবে স্বীকৃত,



সোহেল আহমেদ
মহাপরিচালক (অতি: দায়িত্ব)

- ১। বিভাগীয় উপ-পরিচালক (সকল),
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল)
- ৩। থানা/উপজেলা শিক্ষা অফিসার/ইন্সট্রাক্টর (সকল)
- ৪। প্রধান শিক্ষক (সকল), সরকারি প্রাথমিক বিদ্যালয়।